কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

minister AC
১৭% নগদ ক্রয়ে ডিসকাউন্ট
বিস্তারিত: 09606 700700

শনিবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৪২ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ২০ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ১৩ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
০৩ জুন ২০২৩



## এরদোয়ানের শপথ অনুষ্ঠানে যোগ দিতে আঙ্কারায় পৌঁছেছেন সাহাবুদ্দিন

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন তুরস্কের নবনির্বাচিত প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের শপথ অনুষ্ঠানে যোগ দিতে ছয় দিনের এক সরকারি সফরে আজ সকালে তুর্কিয়ের রাজধানী আঙ্কারায় পৌঁছেছেন।
রাষ্ট্রপতির সাথে সফররত তার প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন বাসসকে জানান, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি উড়োজাহাজ (ফ্লাইট নং- বিজি ২০৭) রাষ্ট্রপতি, তাঁর স্ত্রী ড. রেবেকা সুলতানা এবং সফরসঙ্গীদের নিয়ে আজ ভোর ৪:৩০টায় আঙ্কারা এসেনবোগা বিমানবন্দরের অবতরণ করে। এর ২-এর পাতায় দেখুন

## আইসিইউতে সিরাজুল আলম খান




**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশের রাজনীতির 'রহস্য পুরুষ' হিসেবে পরিচিত স্বাধীনতা সংগ্রামের অন্যতম প্রধান সংগঠক সিরাজুল আলম খানের অবস্থা সংকটাপন্ন। গত বৃহস্পতিবার বিকেল ৩টায় তাঁকে ঢাকা মেডিকেল ২-এর পাতায় দেখুন

## চট্টগ্রাম-১০ আসনের সংসদ সদস্য ডা. আফছারুল আমীন আর নেই



**নিজস্ব প্রতিবেদক :** চট্টগ্রাম-১০ (পাহাড়তলী-হালিশহর-খুলশী) আসনের আওয়ামী লীগের সংসদ সদস্য ও সাবেক মন্ত্রী ডা. আফছারুল আমীন মারা গেছেন। শুক্রবার (২ জুন) বিকেল ৩টা ৫৫ মিনিটে রাজধানীর স্কয়ার ২-এর পাতায় দেখুন

## করোনায় ৬৬ দিন পর এলো দুই মৃত্যুর খবর



**নিজস্ব প্রতিবেদক :** দুই মাসের বেশি সময় পর দেশে করোনাভাইরাসে দুইজনের মৃত্যুর খবর দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর।
অধিদপ্তর জানিয়েছে, শুক্রবার সকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় এই দুইজনের মৃত্যু হয়; এদের একজন ঢাকা মহানগরীতে ২-এর পাতায় দেখুন


# 'বর্তমান সরকার দুই কোটি ৪৫ লাখ মানুষের চাকরির ব্যবস্থা করেছে'



**নিজস্ব প্রতিবেদক :** বর্তমান সরকার দুই কোটি ৪৫ লাখ মানুষের চাকরির ব্যবস্থা করেছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। শুক্রবার (২ জুন) বিকেলে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ২০২৩-২৪ অর্থবছরের বাজেটোত্তর সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি।
কর্মসংস্থান বিষয়ে এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'এ পর্যন্ত যে সব কমিটমেন্ট আমি দিয়েছি, সবগুলো পূরণ করেছি। আমি বলেছি দুই কোটি মানুষের চাকরির ব্যবস্থা করবো, কিন্তু আমরা দুই কোটি ৪৫ লাখ মানুষের চাকরির ব্যবস্থা করেছি। দেশের জনসংখ্যা বাড়ছে, চাকরি প্রার্থীও বেড়েছে। তবে এখন কর্মসংস্থানও বেড়েছে।'
২০২৩-২৪ অর্থবছরের বাজেট বাস্তবায়ন করতে পারবেন উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, 'আমরা যখন দেশ পরিচালনা শুরু করি, তখন ৫৯ হাজার ৪০০ কোটি টাকা রাজস্ব আয় করতাম, সেটি দুই লাখ ৯৫ হাজার কোটি টাকায় উন্নীত করতে পেরেছি। সুতরাং এবারও আমরা বাজেট বাস্তবায়ন করতে পারবো।'
এ সময় সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক, স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম, শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, পরিকল্পনামন্ত্রী ২-এর পাতায় দেখুন

### গুলশান উপনির্বাচন

# প্রার্থী হতে পারেন পার্থ



**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদ নির্বাচনের আগে গুরুত্বপূর্ণ উপনির্বাচন অনুষ্ঠিত হচ্ছে গুলশানে। চিত্রনায়ক ফারুকের মৃত্যুর কারণে ঢাকা-১৭ আসনটি শূন্য ঘোষিত হয়েছে। গতকাল নির্বাচন কমিশন এই শুন্য আসনে তফসিল ঘোষণা করেছে। আগামী ১৭ জুলাই এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা। জাতীয় সংসদ নির্বাচনের ছয় মাসের কম সময়ের আগে এই নির্বাচন নানা কারণেই গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে বলে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন।
এই নির্বাচনগুলো অবাধ-সুষ্ঠু-নিরপেক্ষ নির্বাচন হলে সরকারের ভিত শক্তিশালী হয় এবং নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের দাবি আস্তে আস্তে দুর্বল হয়ে পড়ে। এ কারণেই পাঁচ সিটি করপোরেশন নির্বাচন সরকার অবাধ-সুষ্ঠু-নিরপেক্ষ করতে দৃঢ়?প্রতিজ্ঞ। এই সমস্ত নির্বাচনগুলোতে এখন পর্যন্ত কোনো পক্ষপাত হয়নি। তবে শুধুমাত্র অবাধ-সুষ্ঠু-নিরপেক্ষ নির্বাচন হলেই হবেনা, নির্বাচনগুলো যদি অংশগ্রহণমূলক, প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ২-এর পাতায় দেখুন



## আলমডাঙ্গায় ৫ জুয়াড়ি আটক

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গা টাকপাড়া গ্রাম থেকে ৫ জুয়াড়িকে আটক করেছে পুলিশ। সেসময় উদ্ধার করা হয়েছে জুয়াড় সরঞ্জাম ও নগদ টাকা। শুক্রবার ভোর ৫ টার দিকে তাদের আটক করা হয়।
আটককৃতরা হলো-ওই এলাকার নজরুল ইসলামের ছেলে ফারুক হোসেন (৪০), মৃত কাছিম মন্ডলের ছেলে বাচ্চু মিয়া (৪০), মৃত আমিরুল মোল্লার ছেলে জাহিদুল ইসলাম (৪১), শাহাদৎ ২-এর পাতায় দেখুন

## ওসি স্বামীর বিরুদ্ধে দারোগা স্ত্রীর মামলা

**নিজস্ব প্রতিবেদক :** যশোরে পুলিশ ইন্সপেক্টর স্বামী কামরুজ্জামানের বিরুদ্ধে আদালতে মামলা করেছেন পুলিশ কর্মকর্তা স্ত্রী দারোগা শাহজাদী আক্তার। বাদীকে না জানিয়ে দ্বিতীয় বিয়ে করার অভিযোগে বৃহস্পতিবার (০১ জুন) তিনি এ মামলা করেন। বিচারক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পলাশ কুমার দালাল আসামির বিরুদ্ধে সমন জারির আদেশ দিয়েছেন।
আসামি কামরুজ্জামান খুলনার দিঘলিয়া উপজেলার পদ্মবিলা গ্রামের মৃত আব্দুস সাত্তার ফকিরের ছেলে। ঝিনাইদহে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)তে তিনি কর্মরত আছেন। বাদী এসআই ২-এর পাতায় দেখুন





## পারিবারিক আইন সংস্কার না করার দাবিতে হিন্দু মহাজোটের শৈলকুপায় মানববন্ধন

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** 'কতিপয় এনজিও কর্তৃক হিন্দু আইন পরিবর্তনের প্রচেষ্টার' অভিযোগ তুলে এর প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জাতীয় হিন্দু মহাজোট। শুক্রবার সকালে ঝিনাইদহ জেলার শৈলকুপা পৌরসভা বাজারের চার রাস্তার মোড়ে এক মানববন্ধন ও মিছিলে এ দাবি জানানো হয়।
বাংলাদেশ জাতীয় হিন্দু মহাজোটের ঝিনাইদহ জেলা শাখার সভাপতি অনুপম কুমার বিশ্বাস এর সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য দেন- ঝিনাইদহ জেলা শাখার সাধারণ সম্পাদক সাধন কুমার ২-এর পাতায় দেখুন

## তীব্র তাপপ্রবাহে পুড়ছে চুয়াডাঙ্গা

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় আবারও শুরু হয়েছে তীব্র তাপপ্রবাহ। গত পাঁচদিন ধরে এ জেলার ওপর দিয়ে বয়ে যাচ্ছে তাপপ্রবাহ। এ অবস্থায় শুক্রবার বিকেল ৩টায় জেলার সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করেছে ৪০ ডিগ্রি সেলসিয়াস।
চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান জানান, গত সোমবার চুয়াডাঙ্গার সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। পরদিন মঙ্গলবার ৩৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, বুধবার ৩৮ ডিগ্রি সেলসিয়াস, বৃহস্পতিবার ৩৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং শুক্রবার বিকেল ৩টায় ৪০ ডিগ্রি সেলসিয়াস।
আবহাওয়া কর্মকর্তা জানান, টানা ৫ দিন ২-এর পাতায় দেখুন



## হরিণাকুন্ডুতে ঝিনাইদহ এসএসসি-৯৪ ব্যাচের উদ্যোগে বিনামূল্যে ফ্রি হেলথ ক্যাম্প

**সবুজ শাহরিয়ার, হরিণাকুন্ডু :** ঝিনাইদহ এসএসসি ব্যাচ-৯৪ এর উদ্যোগে জেলার হরিণাকুন্ডুতে দরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের মধ্যে বিনামূল্যে ফ্রি হেলথ ক্যাম্প, ওষুধ বিতরণ করা হয়েছে। চিকিৎসা সেবা প্রদান করেন-৯৪ ব্যাচের চিকিৎসক সদস্যরা। শুক্রবার দিনব্যাপী উপজেলার জোড়াদহ ইউনিয়নের জোড়াদহ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ভায়না, জোড়াদহ, তাহেরহুদা এলাকাবাসীর মাঝে এই ফ্রি হেলথ ক্যাম্প ও ঔষধ বিতরণ করা হয়। এসময় এলাকাবাসী ও সেবা প্রত্যাশীরা বলেন, 'প্রত্যন্ত এই পিছিয়ে পড়া জনপদে মানবিক ৯৪ ব্যাচের ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে আখ চাষীদের নিয়ে মাঠ দিবস অনুষ্ঠিত





**বাদশা ফরহাদ, কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জে "আধুনিক প্রযুক্তিতে লাভজনকভাবে আখের সাথে সাথীফসল চাষাবাদ" শীর্ষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকাল ১০ টার পর কালীগঞ্জ উপজেলার মোল্লাকুয়া গ্রামের মাঠে এ মাঠ দিবসের আয়োজন করে বাংলাদেশ সুগারক্রপ গবেষনা ইনস্টিটিউট। এতে বিএসআরআই এর মহাপরিচালক ড. মোঃ ওমর আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. আবু তাহের সোহেল, মোবারকগঞ্জ সুগার মিলের ব্যবস্থাপনা পরিচালক মুহম্মদ সাইফুল ইসলাম, মহাব্যবস্থাপক (কৃষি) গৌতম কুমার ও আখ চাষীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
বক্তারা বলেন, আখ চাষে মুনাফা পেতে এক বছর সময় লাগে। ফলে আখ চাষের সাথে কৃষকরা সাথীফসল উৎপাদন করলে বেশি লাভবান হবে। এতে আখ চাষ বৃদ্ধির পাশাপাশি সাথীফসল চাষে কৃষকদের বিভিন্ন দিক নির্দেশনা মুলক বক্তব্য দেন তারা।



## স্ত্রীর স্বীকৃতির দাবিতে কালীগঞ্জের এক কিশোরীর অনশন

**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহ কালীগঞ্জের আড়পাড়া এলাকায় স্ত্রীর স্বীকৃতির দাবিতে মামুন নামের এক যুবকের বাড়ির সামনে অনশনে বসেছেন এক কিশোরী। শুক্রবার সকাল থেকে ওই কিশোরী অনশনে আছেন।
ওই কিশোরী জানান, গত দেড় বছর আগে প্রেমজ সম্পর্ক থেকে কালীগঞ্জ পৌর এলাকার আড়পাড়া গ্রামের ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদের মানবিক উদ্যোগ, পাশে দাড়ালেন অসহায় ৪ জনের



**নিজস্ব প্রতিবেদক :** 'রশিদ স্যার খুব ভালো মানুষ। সারাজীবন আমাদের সাহায্য করেছে। আবার এখনও আমাদের সাহায্য করছেন। এ্যাক্সিডেন্ট করে আমার টাকা পয়সা সব শেষ হয়ে গেছে। সংসার চালাতে খুব কষ্ট হচ্ছে আমার। ৬ মাস হাসপাতালে ভর্তি থেকে জমি-জায়গা বেঁচে চিকিৎসা করাচ্ছি। এখন আমার আর কোন ইনকাম নেই। রশিদ স্যার আমার দুঃখের কথা শুনে আমার টাকা দিয়ে সহযোগিতা করেছেন। আমার কিছু তো হলেও উপকার হয়েছে। রশিদ স্যার যা দিয়েছে তা দিয়ে চাল-ডাল কিনে কিছুদিন ছেলেমেয়ে নিয়ে খেতে পারব। এভাবেই কথা বলছিলে ঝিনাইদহ সদর উপজেলার বাড়ীবাথান গ্রামের মোকাদ্দেস ২-এর পাতায় দেখুন

# বাজেট নিয়ে প্রতিক্রিয়া

## বাজেটে মানুষের কষ্ট আরও বাড়বে - বিএনপি

**নিজস্ব প্রতিবেদক :** নতুন অর্থবছরের প্রস্তাবিত বাজেট সাধারণ মানুষের 'কষ্ট আরও বাড়াবে' বলে দাবি করেছে বিএনপি। দলটির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, 'এই বাজেট হচ্ছে প্যাট্রন ক্লাইন্ট রিলেশনশিপ অর্থাৎ পৃষ্ঠপোষকতার অর্থনীতি, রেনসিংকি অর্থাৎ ২-এর পাতায় দেখুন

## বাজেট গরিববান্ধব গণমুখী, সমালোচনা গৎবাঁধা : তথ্যমন্ত্রী





**নিজস্ব প্রতিবেদক :** ২০২৩-২৪ অর্থবছরের জন্য বৃহস্পতিবার প্রস্তাবিত বাজেটকে গণমুখী ও গরিববান্ধব বলে অভিহিত করেছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক এবং তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ। একইসাথে তিনি বলেন, 'বাজেটের সমালোচকদের সমালোচনা বরাবরের মতোই গৎবাঁধা ও গতানুগতিক। অনেকে বাজেট ভালোভাবে না দেখেই তাড়াহুড়া করে সমালোচনায় ব্যস্ত।'
গতকাল শুক্রবার দুপুরে রাজধানীর মিন্টো রোডের সরকারি বাসভবনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ প্রতিক্রিয়া ব্যক্ত করেন মন্ত্রী।
ড. হাছান মাহমুদ বলেন, 'আওয়ামী লীগ সরকারের টানা ১৫তম ২-এর পাতায় দেখুন

## এটি জনবান্ধবহীন বাজেট : জিএম কাদের

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় পার্টি চেয়ারম্যান ও বিরোধীদলীয় উপনেতা জিএম কাদের বাজেট প্রতিক্রিয়ায় বলেছেন, নির্বাচনকে সমানে রেখে- নির্বাচনমুখী বাজেট করা হয়েছে। গেলো বছরের চেয়ে এবারের বাজেটে ১ লাখ কোটি টাকা বেশি ধরা হয়েছে। এই বাজেট বাস্তবসম্মত মনে করছি না। বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দা চলছে। মানুষের ২-এর পাতায় দেখুন

## বিএনপি আমলে ভিক্ষার টাকায় বাজেট ঘোষণা হতো : আইনমন্ত্রী





**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির আমলে বিদেশি দাতা দেশগুলো থেকে ভিক্ষার টাকা এনে জড়ো করে বাজেট ঘোষণা করা হতো বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। শুক্রবার (২ জুন) বেলা সাড়ে ১১টায় ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া উপজেলার মোগড়া উচ্চ বিদ্যালয়ে আয়োজিত মোগড়া ইউনিয়নের ৪নং ওয়ার্ড ছাত্রলীগের সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।
২০০৬ সালে বিএনপি ক্ষমতায় থাকাকালে ৬৩ হাজার কোটি টাকা বাজেট ছিল উল্লেখ করে আইনমন্ত্রী বলেন, 'ভিক্ষার টাকা যখন একসঙ্গে জড়ো হতো তখন বুঝা যেত কত টাকার বাজেট হবে। বাজেটের মধ্যে লেখা থাকত এই ৬৩ হাজার কোটি টাকার বাজেটের শতকরা ৮০ টাকা আসবে বিদেশ থেকে আর ২০ টাকা দেবে জনগণ। আজকে সেই চিত্র পাল্টে গেছে। ৭ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকার বাজেট ২-এর পাতায় দেখুন

## বাজেটে আইএমএফের শর্ত পালনের স্পষ্ট আভাস : সিপিডি

**নিজস্ব প্রতিবেদক :** বাজেটে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) শর্ত পালনের আভাস স্পষ্ট বলে মন্তব্য করেছেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন। শুক্রবার (২ জুন) রাজধানীর গুলশানের লেকশোর হোটেলে সিপিডি কর্তৃক আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। তিনি বলেন, রাজস্ব ব্যাংক খাত, মূল্যস্ফীতি,রপ্তানি, বিদ্যুৎ জ্বালানি, ডলার সংকটসহ নানা কারণে দেশের সামাগ্রিক অর্থনীতি ভেঙ্গে পড়েছে। তিনি আরও বলেন, জিডিপি প্রবৃদ্ধি, মূল্যস্ফীতি, বার্ষিক উন্নয়ন ২-এর পাতায় দেখুন

## ১৪ বছরে দেশে একজন মানুষও না খেয়ে মারা যায়নি: কৃষিমন্ত্রী





**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর গত ১৪ বছরে দেশে একজন মানুষও না খেয়ে মারা যায়নি বলে দাবি করেছেন কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক। শুক্রবার (২ জুন) বিকেলে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাজেটোত্তর সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে তিনি এ দাবি করেন।
কৃষিমন্ত্রী বলেন, 'আমাদের সরকার সবসময় দরিদ্র মানুষের কথা চিন্তা করে বাজেট দেয়। এবারো এর ব্যাতিক্রম হয়নি। গত ১৪ বছরে একজন মানুষও না খেয়ে মারা যায়নি। এর আগে আমরা পত্রপত্রিকায় প্রায় দেখতাম মঙ্গাকবলিত এলাকায় মানুষ না খেয়ে মারা যাচ্ছে।'
তিনি বলেন, 'দারিদ্র্য বিমোচনে আমাদের সরকার এবারের বাজেটেও সামাজিক নিরাপত্তা খাতে ১ লাখ ২৬ হাজার কোটি টাকা বরাদ্দ রেখেছে। এ বছরও দারিদ্র্য বিমোচনে ১ কোটি পরিবারকে ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা
মো: আব্দুল হাই এমপি'র নেতৃত্বে
১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
এখন নতুন আঙ্গিকে
সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন
তানভীর হাসান (জিসান হাই)
নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

শনিবার ০৩ জুন ২০২৩

## বাজেট নিয়ে আওয়ামী লীগের সংবাদ সম্মেলন আজ

**নিজস্ব প্রতিবেদক :** ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট নিয়ে আওয়ামী লীগের সংবাদ সম্মেলন আজ শনিবার অনুষ্ঠিত হবে।

গতকাল শুক্রবার আওয়ামী লীগের দপ্তর সম্পাদক ব্যারিষ্টার বিপ্লব বড়ুয়া আজ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, শনিবার বেলা ১১টায় বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট নিয়ে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখবেন।

## কোটচাঁদপুরে করোনা ভাইরাস সংক্রান্ত সচেতনামুলক আলোচনা সভা




**আবুল হাসান, কোটচাঁদপুর :** ঝিনাইদহের কোটচাঁদপুর করোনার টিকা কার্যক্রম সম্পর্ক সচেতন ও উদ্বুদ্ধকরণের লক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এলজিইডির (এল জি সি আর আর পি) সহযোগিতায় শুক্রবার বিকালে পৌর এলাকার আদর্শ পাড়ার এ সচেতন মূলোক সভার আয়োজন করা হয়। কোটচাঁদপুর পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন দুই নম্বর ওয়ার্ড কাউন্সিলর আব্দুল মাজেদ। এ সময় পৌর মেয়র করোনা ভাইরাসের ভয়াবহতা, বাংলাদেশের পাশাপাশি কোটচাঁদপুরে করোনা ভাইরাসের সংক্রমণের চিত্র, করোনা ভাইরাসের লক্ষণ, প্রতিরোধের ২-এর পাতায় দেখুন

# তেল সঞ্চালনে একটি নতুন কোম্পানি গড়েছে বিপিসি



**নিজস্ব প্রতিবেক :** পাইপলাইনে জ্বালানি তেল সঞ্চালনে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) নতুন একটি কোম্পানি গঠন করেছে। নতুন ওই কোম্পানির নাম পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি। ওই কোম্পানি জ্বালানি তেল সঞ্চালনের পাইপলাইনগুলোর রক্ষণাবেক্ষণ, পরিচালন, সুরক্ষা, নিরাপত্তাসহ সব ধরনের দায়িত্ব পালন করবে। ইতোমধ্যে নতুন কোম্পানিটি বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইনের দেখভালের দায়িত্ব নিয়ে কার্যক্রম শুরু করেছে। বিপিসি সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, জ্বালানি তেল পরিবহনের ব্যয় ও অপচয় কমিয়ে আনতে সঞ্চালন পাইপলাইনের নেটওয়ার্ক গড়ে তুলছে বিপিসি। বর্তমানে সংস্থাটি চারটি পাইপলাইন প্রকল্প বাস্তবায়ন করছে। সেগুলো হলো- সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) পাইপলাইন প্রকল্প, চট্টগ্রাম থেকে ঢাকা পর্যন্ত পাইপলাইন, বিমানে জ্বালানি তেল পরিবহনে পাইপলাইন ও বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইন। ইতোমধ্যে বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইন স্থাপনের কাজ শেষ হয়েছে এবং তার মধ্য দিয়ে ভারত থেকে ডিজেল আসছে। অন্য তিন প্রকল্পের কাজ শেষ হলে সেগুলোর সব দায়িত্বও পর্যায়ক্রমে নতুন কোম্পানির হাতে চলে যাবে। সূত্র জানায়, ইস্টার্ন রিফাইনারি এসপিএম পাইপলাইন প্রকল্প বাস্তবায়ন করছে। আর সেটি বাস্তবায়িত হলে আমদানিকৃত পরিশোধিত ও অপরিশোধিত জ্বালানি তেল মাদার ভেসেল (বড় জাহাজ) থেকে সরাসারি পাইপলাইনের মাধ্যমে খালাস করা যাবে।

## বিদেশে ছয় মিশনে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত

**নিজস্ব প্রতিবেদক :** বিদেশে বাংলাদেশের ছয়টি কূটনৈতিক মিশনে রাষ্ট্রদূত পদে রদবদল হচ্ছে। এগুলো হচ্ছে ইতালি, মালয়েশিয়া, মিসর, ভিয়েতনাম, টরন্টো ও পর্তুগাল। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, ইতালিতে বাংলাদেশের রাষ্ট্রদূত শামীম আহসানকে মালয়েশিয়ায় বাংলাদেশের হাইকমিশনার করা হচ্ছে। আর মালয়েশিয়ায় বাংলাদেশের বর্তমান হাইকমিশনার গোলাম সারওয়ার দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থার (সার্ক) মহাসচিব হিসেবে যোগ দেবেন।

## রূপসায় অজ্ঞাত গলিত লাশটি মরিয়মের, স্বামী গ্রেফতার

**নিজস্ব প্রতিবেদক :** খুলনার রূপসা উপজেলায় দেবীপুরে পানের বরজে অজ্ঞাত নারীর গলিত মরদেহটি চার মাসের অন্তঃস্বত্তা মরিয়ামের (২৭)। সে বাগেরহাটের ফকিরহাট উপজেলার মানসা গ্রামের মৃত মোঃ আবু বকরের মেয়ে। হত্যাকান্ডে জড়িত থাকার অভিযোগে মরিয়মের স্বামী মোঃ রফিকুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত রফিক স্থানীয় নৈহাটি ইউনিয়নের নেহালপুর গ্রামের মৃত আবেদ আলীর ছেলে। হত্যাকান্ডের ঘটনাটি এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করেছে। প্রসঙ্গত্ব, গত ১৫ সকালে রূপসার নৈহাটি ইউনিয়নের দেবীপুর গ্রামের খানকার ঘাটের জনৈক ব্যক্তির পান বরজের পাশে অজ্ঞাত গলিত লাশ উদ্ধার করেছিল পুলিশ।

সূত্রে জানা গেছে, প্রায় তিন বছর আগে রফিকুলের সাথে প্রেমজ সম্পর্ক জেরধরে মরিয়মের বিবাহ হয়। বিয়ের পর স্বামী রফিকুল তাকে প্রায় মারপিট করতো। পরবর্তীতে মরিয়ম জানতে পারে রফিকুল মাদকের সাথে জড়িত। স্বামীকে মাদক সেবন ও বিক্রি থেকে ২-এর পাতায় দেখুন

## টিকটকে অ্যাকাউন্ট খুলেছে আওয়ামী লীগ, ফলোর আহ্বান

**নিজস্ব প্রতিবেদক :** টিকটকে অ্যাকাউন্ট খুলেছে বাংলাদেশ আওয়ামী লীগ। এই অ্যাকাউন্ট অনুসরণের জন্য দলটির পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে। শুক্রবার (২ জুন) দলটির ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ আহ্বান জানানো হয়।

পোস্টের সঙ্গে একটি কিউআর কোডের ছবি ও টিকটকে অ্যাকাউন্টের লিংক যুক্ত করে দেওয়া হয়েছে। পাশাপাশি পোস্টে লেখা ২-এর পাতায় দেখুন




## শৈলকুপায় সেচখালের উপর সেতুর জন্য মানববন্ধন

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় মাঠ থেকে ফসল স্বল্প সময়ে বাড়ি নিতে সেচখালের উপর সেতু নির্মানের দাবিতে মানববন্ধন করেছেন গ্রামবাসিরা। বৃহস্পতিবার বেলা ১১টার কুষ্টিয়া প্রধান সেচ খালের শৈলকুপার ৬নং সারুটিয়া ইউনিয়নের ২-এর পাতায় দেখুন

## ঢাকা মেডিকেলে অভিযানে ৪ দালাল আটক

**নিজস্ব প্রতিবেক :** ঢাকা মেডিকেল হাসপাতালের গাইনি ওয়ার্ডে ঝটিকা অভিযান চালিয়ে চারজন দালালকে হাতেনাতে ধরলেন হাসপাতালে পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. নাজমুল হক। গত বৃহস্পতিবার রাতে তথ্যর ভিত্তিতে হাসপাতালের ২১২ নম্বর গাইনি ওয়ার্ডে অভিযান চালিয়ে দালালদের আটক করেন। আটক দালালরা হলেন, জুনু বেগম (৫০) মো. ইউসুফ (২০) মো. রাসেল (২০) ও মিলন (৩৪) এ ব্যাপারে হাসপাতালে পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. নাজমুল হক জানান, ঢাকা মেডিকেল হাসপাতাল আসন সংখ্যা থেকেও চারগুণ বেশি রোগি এখানে ২-এর পাতায় দেখুন

## নাট্যকলায় সম্মাননা পদক পেলেন আলমডাঙ্গা খন্দকার আসাদুল ইসলাম

**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমীর নাট্যকলায় সম্মাননা পদক পেল আলমডাঙ্গার বিশিষ্ট নাট্যাভিনেতা খন্দকার আসাদুল ইসলাম। চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমী চত্তরে শিল্পকলা একাডেমী এ প্রদক প্রদান করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব আরাফাত রহমানের সভাপতিত্ব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মালি। উক্ত অনুষ্ঠান উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবু সাইফের। এসময় স্বাগত বক্তব্য রাখেন জেলা শিল্পকলা একাডেমীর কালচারাল অফিসার আল মামুন বিন সালেহ। অনুষ্টানে নাট্যকলায় আলমডাঙ্গা নাগরিক নাট্যাঙ্গনের যুগ্ম সাধারন সম্পাদক বিশিষ্ট নাট্য অভিনেতা খন্দকার আসাদুল ইসলামকে নাট্যকলায় জেলা শিল্পকলা একাডেমী সম্মাননা পদক প্রদান করায়। আলমডাঙ্গা নাগরিক নাট্যাঙ্গনের সভাপতি আসাদুল ইসলামের মেজ ভাই ২-এর পাতায় দেখুন





## গাংনীতে স্বেচ্ছাসেবক লীগের নতুন কমিটি অনুমোদন দেয়ায় শোভাযাত্রা

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলা ও গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের নতুন কমিটি অনুমোদন দেয়ায় শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকেলে এ উপলক্ষে গাংনী উপজেলা শহরে বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। এতে নেতৃত্ব প্রদান করেন সাবেক ছাত্রলীগ নেতা ও গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক তৌহিদুল ইসলাম, সদস্য সচিব জীবন আকবর, গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক রুবেল হোসেন ও সদস্য সচিব আশিকুজ্জামান পিন্টু। এসময় উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

## মেহেরপুরে সড়ক ও ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর পৌরসভার ৭ নং ওয়ার্ডে রাস্তা ও আরসিসি ঢালাই ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে। শুক্রবার দুপুরে মেহেরপুর পৌর এলাকার মল্লিকপাড়ার কালামের বাড়ি হতে মোহাদ্দেসের বাড়ি পর্যন্ত ভায়া হুদার বাড়ি রাস্তা ও আরসিসি ড্রেনসহ নির্মাণ কাজের উদ্বোধন করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, মেহেরপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের মল্লিক পাড়ায় জরাজীর্ণ সড়কটির কাজ শুরু করতে পেরে নিজের কাছে খুব আনন্দিত মনে হচ্ছে। কয়েকদিনের মধ্যেই এই সড়কটি চলাচলের উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে এখানে ড্রেন সহ রাস্তা নির্মাণে কাজ শুরু করা হলো। আগামী এক মাসের মধ্যে পাশে যে সড়কটি রয়েছে সেটিও মেরামতে কাজ করা হবে। এই সড়কটি সবসময় হাটু পানি জমে থাকতো, এলাকাবাসীর দুঃখ দুর্দশার কথা চিন্তা করে সড়কটি দ্রুত নির্মাণ কাজ করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানের অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ২-এর পাতায় দেখুন

### সিলেট সিটি করপোরেশন নির্বাচন

## প্রতীক পেয়ে প্রচারণায় প্রার্থীরা

**নিজস্ব প্রতিবেক :** সিলেট সিটি করপোরেশন নির্বাচনে মেয়র ও কাউন্সিলর প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে। গতকাল শুক্রবার সকালে রিটার্নিং কর্মকর্তার কার্যালয় থেকে মেয়র পদে সাত জন, ৪২টি সাধারণ কাউন্সিলর পদে ২৭৩ জন এবং ১৪টি সংরক্ষিত কাউন্সিলর পদে ৮৭ জন প্রার্থীর মধ্যে প্রতীক বরাদ্দ দেওয়া হয়। সিলেট সিটি নির্বাচনে মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন সাত জন প্রার্থী। তারা হচ্ছেন- আওয়ামী লীগ মনোনীত আনোয়ারচজ্জামান চৌধুরী (নৌকা), জাতীয় পার্টি মনোনীত নজরচ্ল ইসলাম বাবুল (লাঙ্গল), ইসলামি আন্দোলন বাংলাদেশ মনোনীত হাফেজ মাওলানা মাহমুদুল হাসান (হাতপাখা), জাকের পার্টি মনোনীত জহিরচ্ল আলম (গোলাপফুল), স্বতন্ত্র মোহাম্মদ আবদুল হানিফ কুটু (ঘোড়া), মো. ছালাহ উদ্দিন রিমন (ক্রিকেট ব্যাট) এবং মো. শাহজাহান মিয়া (বাস)। রিটার্নিং কর্মকর্তা ফয়সল কাদের বলেন, প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে। তারা এখন প্রচারণা করতে পারবেন। নির্বাচনি আচরণবিধি মেনে প্রচার-প্রচারণা করার জন্য তাদের অনুরোধ করা হয়েছে।

## কালীগঞ্জে অবসরে যাওয়া মসজিদের খতিব ও মুয়াজ্জিনকে বিদায় সংবর্ধনা



**কালীগঞ্জ প্রতিনিধি :** দীর্ঘ ৩৫ বছর ধরে মসজিদের দায়িত্ব পালন শেষে অবসরে গেলেন খতিব কাজী মোঃ আব্দুল কাদের (৬২) ও মোয়াজ্জিন জিয়া উদ্দিন (৮২)। তারা দুজনে একইসাথে ঝিনাইদহের কালীগঞ্জ শহরের ডাকবাংলো জামে মসজিদের ইমাম ও মুয়াজ্জিন এর দ্বায়িত্বে ছিলেন। শুক্রবার জুম্মাবাদ ওই দু'জনের বিদায় উপলক্ষে মসজিদের পক্ষ থেকে উপহার স্বরুপ জায়নামাজ সহ খতিবকে নগদ এক লক্ষ টাকা ও মুয়াজ্জিনকে ৫০ হাজার টাকা তুলে দেওয়া হয়। স্থানীয় সাংসদ আনোয়ারুল আজিম আনার উপস্থিত থেকে ওই দুইজনের হাতে উপহারের অর্থ তুলে দেন। মসজিদ কমিটির উদ্যোগে ও কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফের সার্বিক ব্যবস্থাপনায় এক দোয়া মাহফিলের মাধ্যমে খতিব ও মুয়াজ্জিনকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়। এ সময় মসজিদ কমিটির সকল নেতৃবৃন্দ সহ এলাকার মুসুল্লিরা উপস্থিত ছিলেন।




## রাশিয়া থেকে ১ লাখ ৮০ হাজার টন সার আমদানি করবে সরকার

**নিজস্ব প্রতিবেক :** আগামী ২০২৩-২৪ অর্থবছরে রাশিয়া থেকে ১ লাখ ৮০ হাজার টন এমওপি সার আসবে। এ সংক্রান্ত চুক্তি সই হয়েছে। বৃহস্পতিবার (১ জুন) রাশিয়ার রাজধানী মস্কোতে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) ও রাশিয়ার স্টেট কর্পোরেশন পোডিনটর্গের মধ্যে এ চুক্তি সই হয়েছে। চুক্তিতে বিএডিসি'র চেয়ারম্যান ২-এর পাতায় দেখুন

## বিদ্যুতের খুঁটিতে ঝুলন্ত লাইনম্যানের লাশ উদ্ধার

**নিজস্ব প্রতিবেক :** কিশোরগঞ্জের হোসেনপুরে বিদ্যুতের খুঁটিতে উঠে হাদী মিয়া (২০) নামে এক লাইনম্যান মারা গেছেন। গতকাল শুক্রবার সকাল ১০টার দিকে হোসেনপুর মডেল মসজিদ এলাকায় এ ঘটনা ঘটে। হাদী মিয়া ময়মনসিংহ জেলার পাগলা থানার চরশাখচূড়া গ্রামের ফজলুল হকের ছেলে। তিনি হোসেনপুর পল্লী বিদ্যুৎ কার্যালয়ে লাইনম্যান হিসেবে কর্মরত ছিলেন। কিশোরগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা আবুজর গিফারী জানান, হাদী মিয়া বিদ্যুৎ সংযোগ বন্ধ করেই কাজ করছিলেন। হঠাৎ একটি লাইন চালু হয়ে গেলে গতকাল শুক্রবার সকাল ১০টার ২-এর পাতায় দেখুন

## বাংলাদেশের ব্যাপারে কানাডাও মার্কিন ভিসা নীতি অনুসরণ করবে



**নিজস্ব প্রতিবেদক :** মার্কিন যুক্তরাষ্ট্র গত ২৪ মে বাংলাদেশের ব্যাপারে নতুন ভিসা নীতি ঘোষণা করেছে। এই ভিসা নীতিতে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের পথে বাংলাদেশে যারা বাঁধা সৃষ্টি করবে তাদের ভিসা দেয়া হবেনা। এমনকি তাদের পরিবার-পরিজনকেও ভিসা দেয়া হবে না বলে আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হয়েছে। ওয়াশিংটন থেকে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী ব্লিংকেন আনুষ্ঠানিকভাবে এই ঘোষণা দেন। যুক্তরাষ্ট্রের নতুন এই ভিসা নীতি বাংলাদেশের রাজনীতিতে চাঞ্চল্য সৃষ্টি করেছে। যদিও আওয়ামী লীগ-বিএনপি উভয় রাজনৈতিক দলই বলছে যে এই ভিসা নীতি তাদের পক্ষে। এর ফলে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের পথ সুগম হলো এমন দাবি দু'পক্ষেরই।

মার্কিন যুক্তরাষ্ট্র একা না, এখন ওয়াংশিটনের এই ভিসা নীতি অনুসরণ করবে তাদের প্রতিবেশী দেশ কানাডাও। এমন তথ্য সম্পর্কে নিশ্চিত হওয়া গেছে। তবে কানাডা এই ব্যাপারে কোনো আনুষ্ঠানিক ঘোষণা দেবে না।

## দ্বিতীয় বৃহত্তম সিটি সেন্টার নির্মাণে কচ্ছপের গতি

**নিজস্ব প্রতিবেক :** রংপুরে চলছে দেশের দ্বিতীয় বৃহত্তম সিটি সেন্টারের নির্মাণকাজ। এটি হবে উত্তরাঞ্চলের সর্ববৃহৎ শপিং মল। কিন্তু জেলা পরিষদের বাস্তবায়নে ৩ একর জায়গাজুড়ে অত্যাধুনিক বিলাসবহুল ১৮ তলা বিশিষ্ট বাণিজ্যিক এই ভবনটির নির্মাণকাজ চলছে কচ্ছপের গতিতে। প্রায় এক দশক হতে চললেও নির্মাণকাজ শেষ না হওয়ায় হতাশ ব্যবসায়ীরা। জানা গেছে, রংপুর নগরীর প্রাণকেন্দ্র জেলা পরিষদ সুপার মার্কেটের কোলঘেঁষে নিজস্ব ৩ একরের বেশি জায়গাজুড়ে জেলা পরিষদের নিজস্ব অর্থায়নে নির্মিত হচ্ছে এই অত্যাধুনিক বিলাসবহুল শপিংমল 'জেলা পরিষদ সিটি সেন্টার'। শপিংমলের জন্য ১৮ তলা বিশিষ্ট বিপণি বিতান ও বাণিজ্যিক ভবনের নির্মাণ ব্যয় ধরা হয়েছে প্রায় ১৫৯ কোটি ৪০ লাখ টাকা। ফ্রেন্ডস ইন্টারন্যাশনাল ও জয়েন্ট ভ্যানচার খায়রুল কবির রানার ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে মজিদ সন্স কনস্ট্রাকশন লিমিটেডের আরজু ইসলামের তত্ত্বাবধানে এটি নির্মিত হচ্ছে। ৮৪ হাজার ১৩৫ দশমিক ৭৪ বর্গ ফুট আয়তনের এ মার্কেটে ২৩০টি কার ও ২৬টি মোটরসাইকেল পার্কিংয়ের সুবিধা থাকছে। এছাড়া ৩টি গার্ডরুম, ২টি গার্ড বিশ্রাম রুম, ড্রাইভার ওয়েটিং রুম, একটি সুপারভাইজার রুম এবং ২টি জলধারা, ১০টি লিফট, ৪টি সিঁড়ি, গাড়ি ওঠানামার র‍্যাম্প ৫টি ও দুটি প্রবেশ/বাহির ও আউট ড্রপ-ইন ড্রপ থাকবে ২টি।

## গরমে-লোডশেডিংয়ে নাকাল ঢাকাবাসী



**নিজস্ব প্রতিবেক :** উত্তপ্ত আবহাওয়া ও চলমান লোডশেডিংয়ের কারণে ঢাকার নগরজীবন বিপর্যস্ত হয়ে উঠেছে। রাজধানীতে এলাকাভেদে গড়ে ৫ থেকে ৬ ঘণ্টা ধরে লোডশেডিং হচ্ছে। আবার কোনো কোনো এলাকায় সময় লাগছে আরও বেশি। শিশু ও বয়স্করা অসুস্থ হয়ে পড়ছেন। স্বাস্থ্য ঝুঁকিতে পড়ছেন অন্যান্যরাও। গতকাল শুক্রবার রাজধানীর বিভিন্ন এলাকায় এমন চিত্র দেখা গেছে। রাজধানীর শ্যাওড়াপাড়ার এক বাসিন্দা বলেন, শ্যাওড়াপাড়া-কাজীপাড়া এলাকায় সারা দিনে ৬-৭ ঘণ্টা লোডশেডিং হচ্ছে। গরমে প্রাণ যায় যায় অবস্থা। সরকার নিরবচ্ছিন্ন বিদ্যুদের কথা বলে, কিন্তু আমরা তো দেখি না। অন্যদিকে মহাখালীর দক্ষিণ পাড়া এলাকার বাসিন্দা বলেন, গত কয়েকদিন একে তো তাপমাত্রা অতিরিক্ত; তার ওপর, মাত্রাতিরিক্ত লোডশেডিং। অনেকে মিলে একটা বাসায় থাকি। হাঁসফাঁস অবস্থা হয়ে যায় আমাদের। উত্তরার এক বাসিন্দা বিলেন, আগে লোডশেডিং তেমন হতো না। গত কয়েকদিন ধরে এত বেশি হচ্ছে চিন্তা করার মতো না। দিনে-রাতে মিলিয়ে ৪-৫ ঘণ্টা লোডশেডিং হয়। লোডশেডিংয়ের সঙ্গত কারণ হিসেবে জানা গেছে, তিন বছর আগে উৎপাদনে আসার পর এই প্রথম পুরোপুরি বিদ্যুৎ উৎপাদন বন্ধ রয়েছে দেশের সবচেয়ে বড় বিদ্যুৎকেন্দ্র পায়রা তাপবিদ্যুৎকেন্দ্রের।




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই),** ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।** । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

## ২০২৩-২৪ অর্থবছরের বাজেট

# মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করে বাজারব্যবস্থায় সুশাসন জরুরি

'উন্নয়নের দীর্ঘ অগ্রযাত্রা পেরিয়ে স্মার্ট বাংলাদেশের অভিমুখে'- এ স্লোগানকে সামনে রেখে গতকাল বিকালে জাতীয় সংসদে ২০২৩-২৪ অর্থবছরের জন্য সবচেয়ে বড় ৭ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকার জাতীয় বাজেট উপস্থাপন করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। প্রস্তাবিত এ বাজেট বিদায়ী অর্থবছরের সংশোধিত বাজেটের (৬ লাখ ৬০ হাজার ৫০৭ কোটি টাকা) চেয়ে ১৫.৩৩ শতাংশ বেশি। টাকার ওই অঙ্ক বাংলাদেশের মোট জিডিপির ১৫.২১ শতাংশের সমান। বিদায়ী ২০২২-২৩ অর্থবছরে মুস্তফা কামালের দেয়া বাজেটের আকার ছিল ২০২১-২২ অর্থবছরে সংশোধিত বাজেটের ১৪.২৪ শতাংশ বেশি এবং জিডিপির ১৫.২৩ শতাংশের সমান। সরকারের বর্তমান মেয়াদের শেষ বছরে এবং দ্বাদশ জাতীয় নির্বাচনের আগের বছরে জনতুষ্টির খুব বেশি সুযোগ রাখার পথ মুস্তফা কামালের সামনে নেই। তারপরও স্মার্ট বাংলাদেশে পৌঁছানোর নির্বাচনী স্লোগানটিকেই তিনি বাজেটে ফিরিয়ে এনেছেন। এটি অর্থমন্ত্রীর টানা পঞ্চম এবং বাংলাদেশের ৫২তম এবং আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারের ২৪তম বাজেট। বৃহৎ বাজেট আমাদের অর্থনীতির কলেবর বৃদ্ধি, জাতীয় ব্যয় বৃদ্ধিরই প্রতিফলন। বাজেটে নির্ধারিত ব্যয়ের অঙ্ক যত বড় হয়, তার জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের ব্যবস্থা নিশ্চিত করা এবং উন্নয়ন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের সক্ষমতা অর্জন ততই বড় চ্যালেঞ্জ। সামনে চ্যালেঞ্জ মোকাবিলায় সুনির্দিষ্ট পদক্ষেপ নিতে হবে বলে জরুরি মনে করছি। চলতি ২০২২-২৩ অর্থবছরের তুলনায় ২০২৩-২৪ অর্থবছরের বাজেটের আকার ১২ শতাংশ বেশি। নতুন এডিপি চলতি অর্থবছরের সংশোধিত এডিপির তুলনায় প্রায় ১৬ শতাংশ বেশি এবং মূল এডিপির তুলনায় ৭ শতাংশ বেশি। অন্যান্য বছরের মতো এ বছরও দেশের সম্পদ, বৈদেশিক অর্থায়ন ও সামষ্টিক অর্থনৈতিক অবস্থা বিবেচনায় নিয়ে ২০২৩-২৪ অর্থবছরের এডিপি প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশকে উন্নয়নশীল দেশের কাতারের সঙ্গে মিল রেখে একটি ক্রমবর্ধমান অর্থনৈতিক-প্রবৃদ্ধির পথে দেশকে চালিত করা এবং ৪ দশমিক ৭ বিলিয়ন মার্কিন ডলার ঋণের জন্য আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) শর্ত পূরণের ওপর এই বাজেটে জোর দেয়া হয়েছে। আসন্ন বাজেটে ৪০টি নতুন মেগা প্রকল্প বাস্তবায়নের জন্য ২০২৫, ২০৩১ এবং ২০৪১- এই তিনটি সময়সীমা নির্ধারণ করা হয়েছে। পাশাপাশি স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি প্রকল্প গ্রহণ করা হয়েছে। গতবারের মতো এবারো সবচেয়ে বেশি কর আদায়ের লক্ষ্য ঠিক করা হয়েছে মূল্য সংযোজন কর বা ভ্যাট থেকে, ১ লাখ ৬৩ হাজার ৮৩৭ কোটি টাকা। আয়কর ও মুনাফার ওপর কর থেকে ১ লাখ ৫৩ হাজার ২৬০ কোটি টাকা রাজস্ব পাওয়ার আশা করা হয়েছে এবারের বাজেটে। বাজেটে শিক্ষা খাতে ৬ হাজার ৭১৩ কোটি টাকা বরাদ্দ বাড়ানো হয়েছে। আগামী অর্থবছরের জন্য এ খাতে বরাদ্দ থাকছে ৮৮ হাজার ১৬২ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরে শিক্ষা খাতে এ বরাদ্দের পরিমাণ ছিল ৮১ হাজার ৪৪৯ কোটি টাকা। শিক্ষা খাতে বাজেট বাড়ানো প্রয়োজন ছিল। এটা সময়োপযোগী বরাদ্দ। ২০২৩-২৪ অর্থবছরটি বাংলাদেশের অর্থনীতির জন্য ও বর্তমান সরকারের জন্য খুব গুরুত্বপূর্ণ। সরকার তাদের ঘোষিত উন্নয়ন রূপকল্প বাস্তবায়নের একটা বিশেষ পর্যায়ে রয়েছে। বিশালাকার এই বাজেটকে বলা হচ্ছে উচ্চাভিলাষী বাজেট। তবে বাজেট উচ্চাভিলাষী কিনা সেটা নির্ভর করে বাস্তবায়ন সক্ষমতার ওপর। বাজেট উচ্চাভিলাষী হবে না যদি এই বাজেট বাস্তবায়নের জন্য উপযুক্ত কর্মসূচি, পরিকল্পনা ও প্রচেষ্টা থাকে। বাজেটে কিছু কার্যকর ঘোষণা থাকা দরকার, যা বাজারে ইতিবাচক বার্তা দেয়। মূল্যস্ফীতি যাতে আর না বাড়ে তার জন্য বাজারব্যবস্থায় সুশাসন জরুরি। আমরা আশা করব সরকার তার প্রতিশ্রুতি পূরণের বাজেট বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

## তীব্র তাপপ্রবাহে পুড়ছে চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় মৃদু থেকে মাঝারী এবং তীব্র তাপপ্রবাহ রেকর্ড করা হয়েছে। তিনি আরও জানান, বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকার কারণে প্রচুর ঘাম হচ্ছে এবং গরমের তীব্রতা বেশি অনুভূত হচ্ছে। ধারণা করা হচ্ছে আগামী এক সপ্তাহ জেলার তাপমাত্রা ৩৮ ডিগ্রি থেকে ৪০ ডিগ্রির মধ্যে ওঠানামা করবে।

## আলমডাঙ্গায় ৫ জুয়াড়ি

মন্ডলের ছেলে বকুল হোসেন (৩৭) ও জেহের মন্ডলের ছেলে জুয়েল মন্ডল (৩২)। আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ জানান, জুয়া খেলা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে টাকপাড়া গ্রামে অভিযান চালায় পুলিশ। সেসময় ওই গ্রামের একটি চায়ের দোকান থেকে তাদের আটক করা হয়। এ ঘটনায় থানায় মামলা হয়েছে।

## ওসি স্বামীর বিরুদ্ধে দারোগা স্ত্রীর

শাহজাদী আক্তার বর্তমানে যশোর জেলা বিশেষ শাখা (ডিএসবি)তে কর্মরত আছেন। বাদী মামলায় বলেছেন, ২০০০ সালে মুসলিম পারিবারিকভাবে কামরুজ্জামানের সাথে বাদী শাহজাদী আক্তারের বিয়ে হয়। দাম্পত্য জীবনে তাদের দুটি ছেলে সন্তান রয়েছে। কামরুজ্জামান বর্তমানে পুলিশ পরিদর্শক পদে ঝিনাইদহে পিবিআইতে কর্মরত আছেন। পাশাপাশি শাহজাদী আক্তার সাবইন্সপেক্টর পদে যশোর জেলা বিশেষ শাখা (ডিএসবি)তে কর্মরত। বাদী শাহজাদীর ক্রয়কৃত ৫০ লাখ টাকা মূল্যের ১২ শতক জমি এবং চাকরিতে বেতনের ৪৫ হাজার টাকা যৌতুক হিসেবে দাবি করেন কামরুজ্জামান। এতে রাজি না হওয়ায় বাদীকে শারীরিক ও মানসিক নির্যাতন করায় ২০২২ সালে স্বামীর বিরুদ্ধে যৌতুক নিরোধ আইনে মামলা করেন। এরআগে বাদীকে গোপন করে ২০২১ সালের ২৫ এপ্রিল খুলনা শহরের টুটপাড়া এলাকার মৃত ফখর উদ্দিন ফকিরের মেয়ে সানজিদা পারভীন রাখিকে দ্বিতীয় বিয়ে করেন কামরুজ্জামান। চার মাস আগে সানজিদা পারভীন রাখি একটি পুত্র সন্তান প্রসব করেন। পরে বিষয়টি জানতে পেরে আদালতে এ মামলা করেছেন বাদী। বিচারক আসামির বিরুদ্ধে সমন জারীর আদেশ দিয়েছেন।

## পারিবারিক আইন সংস্কার না করার

বিশ্বাস,শৈলকুপা উপজেলা শাখার সাধারণ সম্পাদক অনুপ কুমার সাহাসহ আরো অনেকে। অনুপম কুমার বিশ্বাস তার বক্তব্যে বলেন, মানুষের জন্য ফাউন্ডেশনসহ কয়েকটি এনজিও হাজার বছর ধরে শান্তিপূর্ণভাবে চলে আসা সুসংহত হিন্দু বিধি-বিধান নষ্ট করে হিন্দু সম্প্রদায়ের ঘরে ঘরে দ্বন্দ্ব-সংঘাত ও অশান্তির বীজ বপন করছে। তারা সুপ্রতিষ্ঠিত ও শান্তিপূর্ণ হিন্দু পরিবার ব্যবস্থা ধ্বংস করে বাংলাদেশকে হিন্দু শূন্য করার পরিকল্পনায় মাঠে নেমেছে। নেতারা বলেন, যারা হিন্দু আইনকে নষ্ট করতে চায় হিন্দু সমাজ তাদের কোনো ছাড় দেবে না। আগামী ৩০ মে'র মধ্যে এ বিষয়ে স্পষ্ট ঘোষণার দাবি জানান তারা। তাদের অভিযোগ, আইন ও সালিশ কেন্দ্র, নারী পক্ষ, মহিলা পরিষদ, মানুষের জন্য ফাউন্ডেশনসহ কয়েকটি এনজিও হিন্দু পরিবার, সমাজ ও ধর্মবিরোধী কর্মকান্ড পরিচালনা করে হিন্দু সমাজ ও পরিবারে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। তাদের নিবন্ধন বাতিল করে কার্যক্রম নিষিদ্ধ করতে সরকারকে আহ্বান জানান নেতারা। বক্তারা বলেন, তথাকথিত সুশীল সমাজ ও এনজিওকর্মীরা হিন্দু আইনে তালাক ব্যবস্থা সংযুক্ত করার প্রস্তাব জমা দিয়েছে। তারা হিন্দু বিবাহের মূল ভিত্তি নষ্ট করতে তৎপর। এনজিওদের চাপাচাপির কারণে সরকার অপসোনাল বিবাহ রেজিস্ট্রেশন ব্যবস্থা চালু করেছে। সেই রেজিস্ট্রেশনও হচ্ছে মুসলিম বিবাহ রেজিস্ট্রারে। তারা বলেন, মুসলিম বিবাহ রেজিস্ট্রারে রেজিস্ট্রি করা খুলনার শ্রীবাস সাহা আবার সেই বিবাহ বিচ্ছেদের মামলা করেছেন। অর্থাৎ বাধ্যতামূলকভাবে হিন্দুদের ঘাড়ে মুসলিম বিধি বিধান চাপিয়ে দিচ্ছে। অতএব তালাক বা বিবাহ বিচ্ছেদ যে নামেই হোক না কেন কোনোটাই হিন্দু সমাজ মেনে নেবে না। বক্তারা বলেন, হিন্দু আইনের মূল ভিত্তি বেদ। বেদ ঈশ্বরের বাণী। হিন্দু বিবাহ, উত্তরাধিকারসহ সব বিধি-বিধান বেদ থেকে এসেছে। হিন্দু আইনে হস্তক্ষেপের অর্থ সরাসরি হিন্দু ধর্মের ওপর হস্তক্ষেপ; যা হিন্দু সমাজ কখনই মেনে নেবে না।

## হরিণাকুন্ডুতে ঝিনাইদহ এসএসসি

এর বর্ণাঢ্য আয়োজন প্রশংসনীয়। দিনব্যাপী বৃহৎ পরিসরে মানবতার সেবায় এধরণের কর্মকান্ড এই অঞ্চলের অসহায় মানুষদের মুখে হাসি ফোটাবে বলে মনে করি।' ফ্রি হেলথ ক্যাম্পে প্রায় ৫০০ জনকে বিভিন্ন বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা বিনামূল্যে চিকিৎসা ও ওষুধ বিতরণ, ফ্রি রক্তের গ্রুপ নির্ণয়, ইসিজি করানো হয়।

## ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান

হোসেন। শুক্রবার বিকেলে সদর উপজেলার কোড়াপাড়া বটতলায় ৪ জন অসহায় দুস্থদের আর্থিক ও টিন দিয়ে সহযোগিতা অনুষ্ঠানে এ কথাগুলো বলেন অসহায় মোকাদ্দেস।

অনুষ্ঠানে সদর উপজেলার ভড়ুয়াপাড়া গ্রামের কৃষক আফজাল হোসেনকে ঢেউটিন, বাড়িবাথান গ্রামের আব্দুল বারি ও কোড়াপাড়া গ্রামের সরজিৎ কুমারকে আর্থিক ভাবে সহযোগিতা করেন সদর উপজেলা চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. আব্দুর রশিদ। এর আগে দুস্থ অসহায় মানুষের কষ্টের কথা শুনতে পেয়ে তাদের বাড়িতে গিয়ে খোজ খবর নেন। পরে সিদ্ধান্ত নেন আর্থিক ভাবে সহযোগিতা করার।

দুর্ঘটনায় পা হারানো সরজিৎ কুমার বলেন, আমার একটি পা কেটে ফেলতে হয়েছে। এখন আজ কাজ করতে পারিনা। সংসার ঠিক মত চালাতে পারিনা। রশিদ স্যারকে বলার পর তিনি এর আগেও আমাকে সাহায্য করেছে। আজ আবার আমাকে সাহায্য করলেন। সৃষ্টিকর্তা যেন তাকে আরও ভালো স্থানে বসায়।

এ ব্যাপারে সদর উপজেলা চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. আব্দুর রশিদ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাকে একটি চেয়ার দিয়েছেন। আমি সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান। আমার একটা দায়বদ্ধতা আছে। তাছাড়া আমি আল্লাহর সন্তুষ্টি লাভের আশায় নিজের টাকা এদের দিচ্ছি। সাধ্যমত আগামীতেও সহযোগিতা করব মানুষকে।

## স্ত্রীর স্বীকৃতির দাবিতে কালীগঞ্জের

জাকির হোসেনের ছেলে মামুন হোসেনের সাথে তার বিয়ে হয়। এরপর শহরের বিভিন্ন স্থানে বাসা ভাড়া করে তারা সংসার করে আসছেন। কিন্তু হঠাৎ করে মামুন তাকে রেখে বাড়িতে চলে আসেন। এরপর তার সাথে যোগাযোগ বন্ধ করে দেয় মামুন। উপায় না পেয়ে তিনি শুক্রবার সকালে মামুনদের বাড়িতে আসলে তাকে বাড়ি মধ্য থেকে বের করে দেয়া হয়। ফলে বাধ্য হয়ে তিনি ওই বাড়ির সামনেই অবস্থান নিয়েছেন।

তিনি আরো জানান, তার বাবা মারা গেছে গত ৫ বছর আগে। মা অন্য স্থানে বিয়ে করেছেন। তারা তিন ভাই বোন। সবাই একটি এতিম খানায় পড়াশোনা করেছেন। সেখানে পড়ালেখার সময় মামুনের সাথে তার প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। এখন স্বামীর বাড়িতে উঠা ছাড়া তার আর কোন উপায় নেই। তিনি বলেন,মামুনের কাছে স্ত্রীর স্বীকৃতি না পেলে তাকে আত্মহত্যার পথ বেছে নিতে হবে। এজন্য তিনি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

ঘটনা জানার পর কালীগঞ্জ থানার এসআই হুমায়ুন কবির ঘটনাস্থলে গিয়ে ওই লোকজন ডাকাডাকি করে কাউকে পাওয়া যায়নি। এখন উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন।

## কোটচাঁদপুরে করোনা ভাইরাস

উপায় প্রভৃতি তুলে ধরে বক্তব্য ও দিকনির্দেশনা প্রদান করেন। এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংরক্ষিত মহিলা কাউন্সিলর রত্না পারভীন, দুধসারা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বাবলু রহমান ও কৃষি বিদ রেজাউল ইসলাম। সে সময় সাংবাদিক মহল্লার নারী পুরুষ গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিভিন্ন শ্রেণীর পেশার মানুষ উপস্থিত ছিলেন।

## নাট্যকলায় সম্মাননা পদক

নাট্য ব্যক্তিত্ব হামিদুল ইসলাম ও সাধারন সম্পাদক নাট্যকার ডাঃ অমল কুমার বিশ্বাস, রেজাউল ইসলাম, রমজান আলী,কবির হোসেন ও লিপন কুমার বিশ্বাস পৃথক বার্তায় অভিনন্দন জানিয়েছেন। সম্মাননা হিসেবে একটি মেডেল, উত্তরিও, সনদ ও নগত ১০হাজার টাকার চেক দেওয়া হয়েছে। এছাড়াও আলমডাঙ্গার বিশিষ্ট সংগীত শিল্পি কমল কান্তি চক্রবর্তি ও রইস উদ্দিন সংগীতে এবং তবিবুর রহমান চারুকলায় জেলা শিল্পকলা সম্মননা দেওয়া হয়। কমল চক্রবর্তি ও তবিুর রহমান আলমডাঙ্গা মুক্তিযোদ্ধা সাংস্কৃতিক সংসদের সদস্য এবং ফরিদপুর গ্রামের বিশিষ্ট বাউল শিল্পি রইস উদ্দিন সম্মাননা পাওয়ায় তাদেরকে অভিনন্দন জানান মুক্তিযোদ্ধা সাংস্কৃতিক সংসদের সভাপতি আশরাফুল ইসলাম লুলু, সাধারন সম্পাদক আতিক বিশ্বাস, আলাউদ্দিন আহমেদ পাঠাগারের পরিচালক গোলাম রহমান চৌধুরি, গাঙচিল সাহিত্য সংস্কৃতি পরিষদের সভাপতি জামিরুল ইসলাম,কবি হাবিবুর রহমান মজুমদার প্রমুখ।

## শৈলকুপায় সেচখালের উপর

বাখরবা ও চর বাখরবার গ্রামের বাসিন্দরা তাদের দেওয়া বাঁশের চরাটের উপর এ মানববন্ধন করেন। গ্রামবাসিরা দাবি জানান, দ্রুত সময়ের মধ্যে পানি উন্নয়ন বোর্ড দুই গ্রামের কৃষকদের কথা চিন্তা করে তাদের দাবিকৃতস্থানে একটি সেতু নির্মানের পরিকল্পনা করবেন। গ্রামবাসিদের মধ্যে এ সময় উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা তোবারেক হোসেন, আব্দুল খালেক মোল্যা, সামছুল ইসলামসহ আরো অনেকে।

## মেহেরপুরে সড়ক ও ড্রেন

৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, আতাউর রহমান আতা, নকিম উদ্দিন প্রমূখ। ৩৭ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে শহরের মল্লিকপাড়ার ১৭৫ মিটার রাস্তা ও ড্রেন নির্মাণ করা হবে। এসময় স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## বাজেটে মানুষের কষ্ট আরও

ভাড়া দিতে হবে, চাঁদা দিতে হবে, কমিশন দিতে হবে এর মাধ্যমে অর্থনীতি চলতে হবে। অ্যাস্ট্রাকটিভ ইনস্টিটিউশন মানে রাষ্ট্রের প্রতিষ্ঠানগুলোকে লুটপাটের জন্য সংগঠিতভাবে তৈরি করে দিয়েছে, এরাও লুটপাটের অংশীদার হয়ে গেছে।'

গত বৃহস্পতিবার বনানীতে নিজের বাসায় সাংবাদিকদের সামনে বাজেট প্রতিক্রিয়ায় এসব কথা বলেন আমির খসরু। এ সময় সংবাদ সম্মেলনের ভেতরে গোয়েন্দা সংস্থার সদস্যদের উপস্থিতি দেখে ক্ষুব্ধ হন সাবেক এই বাণিজ্যমন্ত্রী। তিনি তাদেরকে বাইরে যেতে বলেন।

বাজেট প্রতিক্রিয়ার শুরুতে বিষয়টি উল্লেখ করে আমির খসরু বলেন, 'আমি দুঃখের সাথে বলতে চাই, বাজেট প্রতিক্রিয়া জানার জন্য আমার বাসায় আপনারা এসেছেন। এখানে গোয়েন্দা সংস্থার সদস্যরা বাসায় ঢোকে তাদের কাজটা কী? এখানে গোয়েন্দা বাহিনীর সদস্যরা ঢুকে কী প্রমাণ করতে চাচ্ছেন? তার মানে কী আমরা বাজেটের কোনও প্রতিক্রিয়া দিতে পারবো না।'

তিনি অভিযোগ করেন, 'তাদের উপস্থিতি দেখে এটাই প্রমাণ হয় যে, বাজেট প্রতিক্রিয়া দিতে সাবধান হতে হবে কিংবা প্রতিক্রিয়া দেওয়ার সুযোগও নাই। আজকে এই ধরনের একটা অনুভূতি আমার মনে এসেছে। তাহলে তারা এরকম একটা সরকার দেশের জন্য, জনগণের জন্য কী বাজেট দেবে সেটা তো বোঝাই যাচ্ছে। সেখানে জনগণ তথা বিরোধী দলের প্রতিক্রিয়া শুনতে তারা রাজি নয়। তাহলে এই ধরনের সরকার জনগণের জন্য কী বাজেট দেবে? এর ফলে বাংলাদেশের জনগণের কষ্ট বাড়ছে, এই বাজেটে আরও বাড়বে।'

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বৃহস্পতিবার (১ জুন) জাতীয় সংসদে ২০২৩-২৪ অর্থবছরের জন্য ৭ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকার বাজেট প্রস্তাব করেছেন, যা 'জনবান্ধব ও উন্নয়নমুখী' বলে অভিহিত করেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ।

বাজেটের ঋণ নির্ভরতা প্রসঙ্গ টেনে আমির খসরু বলেন, 'ঋণ তারা (সরকার) দেশের থেকে, দেশের বাইরে থেকে নিচ্ছে। এই ৭ বছরে দেশের বাইরে ৫২% ঋণ বেড়েছে। আপনি যদি ঋণ চিত্র দেখেন আজকে তারা দেশের ভেতরে ব্যাংকগুলো থেকে, বাংলাদেশ ব্যাংক থেকে, দেশের বাইরে থেকে যে ঋণ নিচ্ছে এই ঋণের দায় তো আগামী প্রজন্মকে দিতে হবে।'

প্রস্তাবিত বাজেট বাস্তবায়নযোগ্য কিনা প্রশ্ন করা হলে সাবেক বাণিজ্যমন্ত্রী বলেন, 'এই বাজেট সরকার দিচ্ছে না আইএমএফ দিচ্ছে সেটাও তো দেখার বিষয়। আইএমএফ যে গাইড লাইনগুলো দিচ্ছে তারা তো সুনিশ্চিতভাবে বলেছে, কি কি করতে হবে এবং বাংলাদেশের অর্থনীতি কি কারণে আজকে নিম্ন পর্যায় এসে নেমেছে।'

## বাজেট গরিববান্ধব গণমুখী

বাজেট এবং প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০তম এই বাজেট ২০০৮-৯ সালের তুলনায় প্রায় নয়গুণ বড় এবং পিপিপিতে (পারচেজিং পাওয়ার প্যারিটি) ২০০৯ সালের একশ বিলিয়ন ডলার জিডিপির তুলনায় এখনকার জিডিপি এক ট্রিলিয়ন প্লাস ডলার, অর্থাৎ প্রায় দশগুণ বড়, যা নি:সন্দেহে দেশের অগ্রগতি সমৃদ্ধির পরিচায়ক।'

বিশ্বময় মন্দা, ইউক্রেন যুদ্ধ, ডলার সংকটের কারণে অর্থনৈতিক কর্মকান্ডে শৈথিল্য আসায় বাজেট প্রণয়ন বড় চ্যালেঞ্জ ছিলো তারপরও এবারের বাজেট গত বছরের তুলনায় প্রায় ১ লক্ষ হাজার কোটি টাকা বেশি, বলেন তথ্যমন্ত্রী।

প্রস্তাবিত এ বাজেটে সামাজিক নিরাপত্তা কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, সামাজিক নিরাপত্তা খাতে মোট বাজেটের ১৬.১৮ শতাংশ বরাদ্দ দেওয়া হয়েছে। আরো মানুষকে সামাজিক নিরাপত্তা বলয়ে আনার এবং এ খাতে বিভিন্ন ভাতার পরিমাণ বাড়ানোর প্রস্তাব করা হয়েছে।

স্বাস্থ্য ও শিক্ষা খাতে বাজেটে বরাদ্দ বৃদ্ধির কথা উল্লেখ করার পাশাপাশি হাছান মাহমুদ বলেন, 'এই বাজেটের সবচেয়ে বড় উল্লেখযোগ্য দিক হচ্ছে, এই অর্থ বছরেই প্রথম সার্বজনীন পেনশন ব্যবস্থা চালু করা হচ্ছে, যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তাপ্রসূত। কোনো রাজনৈতিক দল এ ধরণের সার্বজনীন পেনশন চালুর প্রস্তাব দেয়নি। আপনারা বিএনপির দাবি-দাওয়া জানেন। খালেদা জিয়ার স্বাস্থ্য, তার ও তারেক জিয়ার শাস্তি-মুক্তির বাইরে জনমানুষ নিয়ে তাদের কোনো দাবি থাকে না।'

১৮ থেকে ৫০ বছর বয়সের যে কেউ দশ বছরের জন্যে চাঁদা দিয়ে পেনশন ব্যবস্থার আওতায় আসতে পারবে জানিয়ে তথ্যমন্ত্রী বলেন, 'পঞ্চাশের বেশি বয়স হলেও দশ বছর চাঁদা দিয়ে পেনশনের সুযোগও রয়েছে।'

**'বাংলাদেশের কর-জিডিপি অনুপাত দক্ষিণ এশিয়ায় সর্বনিম্ন'**

আয়কর নিয়ে প্রশ্নের জবাবে হাছান মাহমুদ বলেন, 'বাংলাদেশের কর ও জিডিপি'র অনুপাত দক্ষিণ এশিয়ায় সর্বনিম্ন। গত ১৪ বছরে দেশের জিডিপি প্রায় দশগুণ, বাজেট প্রায় নয়গুণ বৃদ্ধি পেলেও আয়কর দেওয়ার হার বেড়েছে মাত্র ৩ গুণ। ২০০৯ সালে ১১ লক্ষ মানুষ আয়কর দিতো,
গত বছর ২৯ লক্ষ মানুষ আয়কর দিয়েছে। অথচ দেশে অন্তত ২ কোটি মানুষ আয়কর দিতে সক্ষম। কিন্তু মানুষ কর দেয় না। তাই করের আওতা বাড়ানো অযৌক্তিক নয়।'

**'বাজেট বৈদেশিক সাহায্যনির্ভর নয়'**

'আইএমএফের প্রেসক্রিপশনে এ বাজেট লুটপাটের'- বিএনপির এমন সমালোচনা খন্ডন করে সম্প্রচারমন্ত্রী বলেন, 'বিএনপির অর্থমন্ত্রী সাইফুর রহমান আইএমএফের প্রেসক্রিপশনে বাজেট দিতে প্রতিবার বাজেটের আগে প্যারিস কনসোর্টিয়ামে ছুটে যেতেন সাহায্যের জন্যে। বর্তমানে বাংলাদেশের বাজেট কোনভাবেই বিদেশি সাহায্য নির্ভর নয়। এ বাজেটে ১ লক্ষ কোটি টাকার কিছু বেশি বৈদেশিক ঋণ নেওয়া হবে। বিএনপি লুটপাটে বিশ্ব চ্যাম্পিয়ন, তারা পরপর পাঁচবার দেশকে দুর্নীতিতে চ্যাম্পিয়ন বানিয়েছিল। তাদের মুখে লুটপাটের অভিযোগ শুনলে হাসি পায়।'

**'পান্ডিত্য ফলাতে গিয়েই সিপিডির সমালোচনা'**

বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ-সিপিডি বাজেটকে বাস্তববিবর্জিত বলেছে- এ নিয়ে প্রশ্নে তথ্যমন্ত্রী হাছান বলেন, 'গত ১৪ বছরে সিপিডি বাজেটের প্রশংসা করতে পারেনি। এবছর তো বাজেট প্রস্তাব অধিবেশন চলমান থাকা অবস্থায়ই তারা বলেছে, এই বাজেট উচ্চাভিলাষী, বাজেট বাস্তবায়ন হবে না।' অথচ বাংলাদেশের বাজেট বাস্তবায়নের গড় হার ৯৭ শতাংশ। ডলারের মূল্য না বাড়লে আমাদের মাথাপিছু আয় তিন হাজার ডলার ছাড়িয়ে যেতো। এ সময় দেশের জিডিপি বেড়েছে, দারিদ্র্য ৪১ শতাংশ থেকে কমে ১৮ শতাংশে নেমে এসেছে। এগুলো তাদের চোখে পড়ে না। আসলে সিপিডিকে তাদের পান্ডিত্য দেখাতে হয় এবং ভুল ধরাটাই তাদের পেশা। এভাবেই তারা নানা জায়গা থেকে ফান্ড পায়। এ কারণেই তারা প্রশংসা করতে পারে না।' ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেননের চলতি বাজেট নিয়ে সমালোচনার প্রেক্ষিতে মন্ত্রী বলেন, 'প্রস্তাবিত বাজেট নিয়ে আলোচনা-সমালোচনা থাকবে, ইতিবাচক সমালোচনাকে আমরা সব সময় স্বাগত জানাই।'

## এটি জনবান্ধবহীন বাজেট

জীবনযাত্রা কঠিন হয়ে আছে। এমন বাস্তবতায় যে রাজস্ব আদায়ের টার্গেট করা হয়েছে তা হয়তো আদায় হবে না।'

গত বৃহস্পতিবার (১ জুন) বিকালে বাজেট অধিবেশন শেষে জাতীয় সংসদের মেটালগেটে গণমাধ্যমকর্মীরা জানতে চাইলে এসব কথা বলেন তিনি।

জিএম কাদের বলেন, 'বাজেটে প্রাপ্তি দেখানো হয়েছে অভ্যন্তরীণ ঋণ ও বিদেশি ঋণ। বর্তমান বাস্তবতায় ইচ্ছে করলেই বিদেশি ও অভ্যন্তরীণ ঋণ পাওয়া যাবে বলে মনে হচ্ছে না। ডাইরেক্ট ট্যাক্সের পাশাপাশি সকল কিছুতেই ইনডাইরেক্ট ট্যাক্স দেওয়া হয়েছে। এতে সাধারণ ও মধ্যবিত্তের কষ্ট বাড়বে। জিনিসপত্রের দাম এমনিতেই ঊর্ধ্বমুখী। জিনিসপত্রের দাম আরও বাড়বে। মানুষের আয় কমেছে কিন্তু জিনিসপত্রের দাম বেড়েই চলবে। এই বাজেটে জনবান্ধব বা কল্যাণমুখী কিছু দেখছি না। নিম্নবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও গরিব মানুষ যাতে বেঁচে থাকতে পারে তা এই বাজেটে নেই। এই বাজেট জনবান্ধব বলা যাচ্ছে না, এটা জনবান্ধবহীন বাজেট।'

এসময় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে জাতীয় পার্টি চেয়ারম্যান বলেন, 'এই বাজেট দিয়ে নির্বাচনি বৈতরণী পার হওয়ার চেষ্টা আছে বলে মনে হয় না, তাদের হয়তো অন্য মেকানিজম আছে। এই বাজেটে পরিচালন ব্যয় অনেক বাড়ানো হয়েছে। এই পরিচালন ব্যয়ের মধ্যে সব কিছুই করা সম্ভব। কৃচ্ছ্রতাসাধণের জন্য পরিচালন ব্যয় কমানো দরকার। আমরা মনে করি, আগে যা ছিল তাই বেশি ছিল।'

জিএম কাদের বলেন, 'এখন ভোট বাড়া বা কমায় কিছু যায় আসে না। স্বাভাবিকভাবে আওয়ামী লীগের ভোট কমার কথা, কারণ জিনিসপত্রের দাম আরও বাড়বে নির্বিঘ্নে বলা যায়। এমনিতেই দেশের মানুষ অতিষ্ঠ, সাধারণ মানুষের রিলিফ পাওয়ার কোনও সম্ভাবনা নেই। আইএমএফ-এর কাছ থেকে ঋণ নেওয়ার কারণে যে শর্ত দেওয়া হচ্ছে তাতে জিনিসপত্রের দাম আরও বাড়বে। আমার মনে হয়, এই বাজেটে দ্রব্যমূল্য কমবে না বরং বাড়বে।'

## ১৪ বছরে দেশে একজন মানুষও

১৫ টাকা দরে চাল দেওয়া হচ্ছে। শুধু তাই নয় টিসিবির মাধ্যমে ১ কোটি পরিবারকে ভর্তুকি মূল্যে পণ্য দেওয়া হচ্ছে।'

এছাড়া কোনো ধরনের প্রাকৃতিক দুর্যোগ হলে বরাদ্দ বাড়ানো হবে বলে উল্লেখ করেন মন্ত্রী। আরেক প্রশ্নের জবাবে তিনি বলেন, সবসময় আমরা মানুষের কথা চিন্তা করেই দিই। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত রয়েছেন, অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল, শিক্ষামন্ত্রী দীপু মনি, পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান, স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলাম, শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন, প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা ড. মশিউর রহমান, এনবিআর চেয়ারম্যান রহমাতুল মুনিম, অর্থসচিব ফাতিমা ইয়াসমিন, বাংলাদেশ ব্যাংকের গভর্নর আবদুর রউফ তালুকদার প্রমুখ।

গতকাল বৃহস্পতিবার বিকেল ৩টায় জাতীয় সংসদে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে প্রস্তাবিত বাজেট উপস্থাপন করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।

২০২৩-২৪ অর্থবছরের জন্য বাজেটের আকার চূড়ান্ত করা হয়েছে ৭ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা। বার্ষিক উন্নয়ন কর্মসূচি ধরা হয়েছে ২ লাখ ৭৭ হাজার ৫৮২ কোটি টাকা।

নতুন বাজেটে সামগ্রিক ঘাটতি (অনুদান ব্যতীত) ধরা হচ্ছে ২ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা। আর চলতি অর্থবছরের সংশোধিত বাজেটে সামগ্রিক ঘাটতি ধরা হয় ২ লাখ ২৭ হাজার ৫০৭ টাকা।

মোট রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৫ লাখ কোটি টাকা, যা গত অর্থবছর ছিল ৪ লাখ ৩৩ হাজার কোটি টাকা। বাজেটে জিডিপির প্রবৃদ্ধি ধরা হয়েছে ৭ দশমিক ৫ শতাংশ। মূল্যস্ফীতি ধরা হয়েছে ৬ শতাংশ।

প্রস্তাবিত বাজেট ২৬ জুন অনুমোদন হবে। আর ১ জুলাই থেকে নতুন অর্থবছর শুরু হবে।

## বাজেটে আইএমএফের শর্ত

ও বেসরকারি বিনিয়োগের লক্ষ্যমাত্রা যে চমক দেখানো হয়েছে তা উচ্চাভিলাষী, বাস্তবসম্মত নয়।

ফাহমিদা খাতুন বলেন, করমুক্ত আয়ের সীমা বাড়িয়ে নূন্যতম দুই হাজার টাকা কর ধার্য অনৈতিক সিদ্ধান্ত।

এর আগে বৃহস্পতিবার (১ জুন) বিকেল ৩টায় জাতীয় সংসদে 'উন্নয়নের দেড় দশক পেরিয়ে স্মার্ট বাংলাদেশের অগ্রযাত্রা' শিরোনামে ২০২৩-২৪ অর্থবছরের বাজেট পেশ করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।৷

অর্থমন্ত্রী আগামী অর্থবছরের বাজেটের জন্য ব্যয় ধরেছেন ৭ লাখ ৬১ হাজার ৭৬৫ কোটি টাকা। মোট দেশজ উৎপাদনের (জিডিপি) অনুপাতে বাজেটের আকার ধরা হয়েছে ১৫ দশমিক ২ শতাংশ। জিডিপি প্রাক্কলন করা হয়েছে ৫০ লাখ ৬ হাজার ৭৮২ কোটি টাকা। চলতি অর্থবছরেও জিডিপির ১৫ দশমিক ২ শতাংশ ধরে ৬ লাখ ৭৮ হাজার ৬৪ কোটি টাকার বাজেট দেওয়া হয়। চলতি বাজেটের তুলনায় প্রস্তাবিত বাজেটের আকার বাড়ানো হয়েছে ৮৩ হাজার ৭২১ কোটি টাকা। এতে জিডিপি প্রবৃদ্ধি ধরা হয় সাড়ে ৭ শতাংশ আর মূল্যস্ফীতি ৬ শতাংশের মধ্যে রাখার আশা প্রকাশ করেন তিনি।

অর্থমন্ত্রী ১৯৮ পৃষ্ঠার বাজেট বক্তব্যে বাজেটের ব্যয়ের বিপরীতে ৫ লাখ কোটি টাকার রাজস্ব আয়ের পরিকল্পনার কথা জানিয়েছেন। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) নিয়ন্ত্রিত কর থেকে ৪ লাখ ৩০ হাজার কোটি টাকা, এনবিআর-বহির্ভূত কর থেকে ২০ হাজার কোটি টাকা এবং কর ব্যতীত রাজস্বের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৫০ হাজার কোটি টাকা। এ ছাড়াও বৈদেশিক অনুদান হিসেবে আসবে ৩ হাজার ৯০০ কোটি টাকা। অনুদানসহ মোট আয়ের লক্ষ্যমাত্রা ৫ লাখ ৩ হাজার ৯০০ কোটি টাকা। চলতি বাজেটে মোট রাজস্বের লক্ষ্যমাত্রা ছিল ৪ লাখ ৩৩ হাজার কোটি টাকা।

বাজেটে অনুদান ছাড়া মোট ঘাটতি ধরা হয় ২ লাখ ৬১ হাজার ৭৮৫ কোটি টাকা। আর অনুদানসহ ঘাটতি ধরা হয় ২ লাখ ৫৭ হাজার ৮৮৫ কোটি টাকা। বাজেট ঘাটতি জিডিপির ৫ দশমিক ২ শতাংশ।

ঘাটতি পূরণে অভ্যন্তরীণ উৎস থেকে মোট ১ লাখ ৫৫ হাজার ৩৯৫ কোটি টাকা ঋণ নেওয়ার লক্ষ্যমাত্রা ঠিক করা হয়েছে। এর মধ্যে দেশের ব্যাংকিং ব্যবস্থা থেকে ঋণ নেওয়া হবে ১ লাখ ৩২ হাজার ৩২ কোটি টাকা; সঞ্চয়পত্র থেকে ১৮ হাজার এবং অন্যান্য খাত থেকে নেওয়া হবে ৫ হাজার কোটি টাকা। বৈদেশিক ঋণ নেওয়া হবে ১ লাখ ২ হাজার ৪৯০ কোটি টাকার।

## বিএনপি আমলে ভিক্ষার টাকায়

দেওয়ার পরও আমরা বলতে পারি যে শতকরা ৮৩ টাকা বাংলাদেশের জনগণ দেবে এ বাজেটে। আর মাত্র শতকরা ১৭ টাকা বিদেশ থেকে আসবে। আমরা নিজেদের পায়ে দাঁড়াতে শিখেছি। আমাদেরকে আর দাবিয়ে রাখতে পারবে না।' তিনি আরও বলেন, 'জনগণের ভোটে বিএনপি ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখে না। তারা নির্বাচন করতে জনগণের কাছে আসবে না। কারণ নির্বাচন দিলেই তারা বলে, 'আমরা নির্বাচনে যাব না'। গত নির্বাচনে বিএনপি নির্বাচন করবে বলেছে। তারপর একেকটা নির্বাচনী এলাকায় ৩ থেকে ৪ জন করে প্রার্থী দিয়ে টাকা নিয়েছে। তারপর বলে নির্বাচন করবে না। নির্বাচন তারা করবে না, নির্বাচন নষ্ট করবে। মানুষকে বাসে পুড়িয়ে মারবে।'

মোগড়া ইউনিয়ন ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক আশিকুজ্জামান নূর রিফাতের সভাপতিত্বে সম্মেলনে আরও বক্তব্য দেন আখাউড়া পৌরসভার মেয়র তাকজিল খলিফা, কসবা পৌরসভার মেয়র গোলাম হাক্কানী ও আখাউড়া উপজেলা ছাত্রলীগের সভাপতি শাহাবুদ্দিন বেগ প্রমুখ।

## আইসিইউতে সিরাজুল

কলেজ (ঢামেক) হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) নেওয়া হয়েছে। গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন ঢামেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল নাজমুল হক।

সিরাজুল আলমের পরিবার ও শুভানুধ্যায়ীরা তাঁর শারীরিক সুস্থতা এবং দ্রুত আরোগ্যের জন্য দেশবাসীর দোয়া চেয়েছেন। এর আগে, গত ৭ মে রাতে শ্বাসকষ্টজনিত অসুস্থতা নিয়ে হাসপাতালে ভর্তি হন সিরাজুল আলম। পরে তাঁকে চিকিৎসকদের পরামর্শে গত ২০ মে ঢামেক হাসপাতালে স্থানান্তর করা হয়। এরপর থেকে সেখানেই চিকিৎসাধীন তিনি।

৮২ বছর বয়সী এই রাজনীতিক অনেক দিন ধরে উচ্চ রক্তচাপসহ নানা শারীরিক জটিলতায় ভুগছেন। এর আগে, ২০২১ সালেও অসুস্থ হয়ে কিছুদিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি ছিলেন সিরাজুল আলম খান।

## চট্টগ্রাম-১০ আসনের সংসদ সদস্য

হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। গত ১৫ দিন ধরে তিনি এই হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর।

আফছারুল আমীনের ছেলে মাহিদ উল আমীন এ তথ্য নিশ্চিত করেছেন।

পারিবারিক সূত্রে জানা গেছে, আফছারুল আমীন গত তিন বছর ধরে ক্যান্সারে আক্রান্ত ছিলেন। ২০২০ সালের ১৪ ফেব্রুয়ারি সিঙ্গাপুরের একটি হাসপাতালে তার ফুসফুসে ক্যান্সার ধরা পড়ে। ওই বছরের ২৩ এপ্রিল তিনি সিঙ্গাপুর থেকে দেশে ফিরেন। এরপর থেকে তিনি দেশে চিকিৎসা নেন।

চট্টগ্রাম-১০ আসন থেকে ২০০৮ ও ২০১৪ সালে দুবার সংসদ সদস্য নির্বাচিত হন আফছারুল আমীন। ২০০৮ সালে প্রথমবার সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাকে নৌ পরিবহনমন্ত্রী করা হয়। তিনি চট্টগ্রাম নগর আওয়ামী লীগের সহসভাপতি পদেও ছিলেন। তার বাড়ি চট্টগ্রাম নগরীর দক্ষিণ কাট্টলীতে।

## করোনায় ৬৬ দিন পর এলো

এবং আরেকজন গাজীপুরে মারা যান। সর্বশেষ গত ২৮ মার্চ দেশে কোভিডে একজনের মৃত্যুর খবর এসেছিল। এরপর গত ৬৬ দিন ছিল মৃত্যুশূন্য। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় নতুন আরো ৮৯ জন কোভিড রোগী শনাক্ত হয়েছে। ১৫১৫টি নমুনা পরীক্ষা করে এদের শনাক্ত করা হয়। এতে শনাক্তের হার ৫ দশমিক ৮৭ শতাংশ। আগেরদিন এই হার ছিল ৫ দশমিক ৯৯ শতাংশ। দেশে গত সোম থেকে বুধবার- টানা তিনদিন শনাক্ত রোগী একশর ওপর ছিল। এরপর গত দুইদিন ধরে দিনে শনাক্ত রোগী একশর নিচেই থাকছে। নতুন রোগীদের নিয়ে দেশে মোট শনাক্ত কোভিড রোগীর সংখ্যা হয়েছে ২০ লাখ ৩৯ হাজার ৫০৬ জন। গত ২৪ ঘণ্টায় ১২ জন কোভিড রোগীর সেরে উঠেছেন। তাদের নিয়ে এ পর্যন্ত সুস্থ হলেন ২০ লাখ ৬ হাজার ৩১৩ জন। গত একদিনে শনাক্ত ৮৯ জন রোগীর মধ্যে ৮৩ জনই ঢাকার। এছাড়া রাজশাহীতে ৩ জন, পাবনায় ২ জন এবং সিলেটে একজন নতুন রোগী শনাক্ত হয়েছে।

বাংলাদেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল ২০২০ সালের ৮ মার্চ। ডেল্টা ভ্যারিয়েন্টের ব্যাপক বিস্তারের মধ্যে ২০২১ সালের ২৮ জুলাই দেশে রেকর্ড ১৬ হাজার ২৩০ জন নতুন রোগী শনাক্ত হয়।

প্রথম রোগী শনাক্তের ১০ দিন পর ২০২০ সালের ১৮ মার্চ দেশে প্রথম মৃত্যুর তথ্য নিশ্চিত করে স্বাস্থ্য অধিদপ্তর। ২০২১ সালের ৫ ও ১০ অগাস্ট ২৬৪ জন করে মৃত্যুর খবর আসে, যা মহামারীর মধ্যে এক দিনের সর্বোচ্চ সংখ্যা।

## এরদোয়ানের শপথ অনুষ্ঠানে

আগে গত রাত ১১টার দিকে উড়োজাহাজটি ঢাকার হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যায়।

আঙ্কারা বিমানবন্দরে পৌঁছালে মোঃ সাহাবুদ্দিনকে তুরস্কে বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ আমানুল হক রাষ্ট্রপতিকে স্বাগত জানান।

এ সময় রাষ্ট্রদূত ওইয়া তুঙ্গা চাগলি, তুরস্কেও প্রটোকল প্রধান গোনেচ আচিকোলু সহ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

তুরস্ক সরকারের আমন্ত্রণে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন আঙ্কারার 'প্রেসিডেন্সিয়াল কমপ্লেক্সে' আগামী ৩ জুন বিকেল ৫টায় (তুরস্কের স্থানীয় সময়) শপথ অনুষ্ঠানে যোগ দেবেন।

রাষ্ট্রপতি সফরকালে আঙ্কারার কানকায়া প্রাসাদে প্রেসিডেন্ট এরদোয়ান কর্তৃক আয়োজিত একটি আনুষ্ঠানিক নৈশভোজে অংশ নেবেন। তাঁর উচ্চ পর্যায়ের গণ্যমান্য ব্যক্তিদের সাথে কয়েকটি কর্মসূচিতে অংশ নেওয়ার কথা রয়েছে।

তুরস্ক ভ্রমণকালীন সময়ে রাষ্ট্রপতি আঙ্কারায় 'শেরাটন আঙ্কারা হোটেলে' অবস্থান করছেন।

আগামী ৬ জুন সন্ধ্যায় একটি ভিভিআইপি বিমানে (ফ্লাইট নং বিজি ২০৮) দেশে ফেরার কথা রয়েছে রাষ্ট্র প্রধানের।

## বর্তমান সরকার দুই কোটি

এম এ মান্নান, স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলাম, শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন, প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা ড. মশিউর রহমান, এনবিআর চেয়ারম্যান রহমতুন মমিন, অর্থসচিব ফাতিমা ইয়াসমিন, বাংলাদেশ ব্যাংকের গভর্নর আবদুর রউফ তালুকদার প্রমুখ।

## প্রার্থী হতে পারেন পার্থ

না হয় তাহলে তা আন্তর্জাতিক মহলে গ্রহণযোগ্য হবে না। বিএনপিকে ছাড়া অবাধ-সুষ্ঠু-নিরপেক্ষ নির্বাচন হয় না এটি আরেকবার প্রমাণ হতে পারে। আর এই কারণেই নতুন একটি পদ্ধতি গ্রহণ করেছে সরকার।

প্রত্যেকটি সিটি করপোরেশনেই আওয়ামী লীগ চেয়েছে যে একটা শক্তিশালী প্রতিপক্ষ নির্বাচনে প্রতিদ্বন্ধিতা করুক। নির্বাচন যেন একতরফা বা বিনা প্রতিদ্বন্দ্বিতায় না হয়। সে লক্ষ্যে গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগ থেকে বহিষ্কৃত স্বতন্ত্র প্রার্থী জাহাঙ্গীর আলমের মা প্রার্থী হয়েছেন এবং তিনি বিজয়ী হয়েছেন। বরিশাল নির্বাচনেও আওয়ামী লীগ প্রার্থীর সঙ্গে হাড্ডাহাড্ডি লড়াই করছেন ইসলামী আন্দোলনের হাতপাখা। একইভাবে অন্যান্য সিটি করপোরেশন গুলোতেও প্রার্থী দেওয়া হয়েছে এবং কেন্দ্র থেকে বারবার বলা হচ্ছে কোনো অবস্থাতেই যেন কেউ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হবার অভিপ্রায় ব্যক্ত না করে। একইভাবে গুলশান উপনির্বাচনে আওয়ামী লীগ শক্তিশালী প্রার্থী করতে চায়। গুলশানে উপনির্বাচনে জাতীয় পার্টি অংশগ্রহণ করব বলে ইতিমধ্যে জানা যাচ্ছে। জাতীয় পার্টি থেকে একজন ভালো জনপ্রিয় প্রার্থীকে যেন মনোনয়ন দেয়া হয় সে ব্যাপারে চেষ্টা করা হচ্ছে। জাতীয় পার্টির পাশাপাশি বিজেপির নেতা আন্দালিব রহমান পার্থ গুলশানের প্রার্থী হতে পারেন কিনা সে চেষ্টা করা হচ্ছে।

## টিকটকে অ্যাকাউন্ট খুলেছে

হয়, 'বাংলাদেশ আওয়ামী লীগের টিকটক অ্যাকাউন্ট ফলো করুন। একই সঙ্গে বন্ধুদের ইনভাইটেশন দিন।' উল্লেখ্য, সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে আওয়ামী লীগের নিয়মিত সক্রিয় ভেরিফায়েড পেজসহ ডিজিটাল মাধ্যম ব্যবহার করা ও সর্বস্তরে প্রযুক্তি ছড়িয়ে দেওয়ার ওপর জোর দিয়েছে আওয়ামী লীগ। তারই সবশেষ পদক্ষেপ দলের টিকটক অ্যাকাউন্ট।

## ঢাকা মেডিকেলে অভিযানে

ভর্তি করে তাদের চিকিৎসা দেওয়া হয়। ঢাকাসহ সারা বাংলাদেশ থেকে এখানে রোগীরা চিকিৎসা নিয়ে থাকে। সকল রোগীদের পাশাপাশি মধ্যবিত্ত নিম্নবিত্তদের আস্তার প্রতীক এই হাসপাতাল। তিনি আরও বলেন, সব সময় রোগীতে পরিপূর্ণ থাকে ওয়ার্ডসহ হাসপাতালের আনাচে-কানাচে। কোনো রোগীকে এ হাসপাতাল থেকে চিকিৎসা না দিয়ে ফেরত দেওয়ার নজির নেই। তারপরও এই হাসপাতালের ভেতরে কিছু দুষ্ট লোক প্রবেশ করে। তাদের চিন্তাভাবনা থাকে রোগীদের নানাভাবে হয়রানি করা। এরকম কিছু অভিযোগ আমরা পেয়ে থাকি। এরকম অভিযোগের কারণে হাসপাতালে গাইনি ওয়ার্ডের ভেতরে অভিযান চালানো হয়। সেখানে নারীসহ চার দালালকে দেখতে পেয়ে আটক করা হয়। এ ছাড়া তারা যে রোগীদের হয়রানি করে তারা যে দালাল, এরকম প্রমাণ আমরা পেয়েছি। সামনে এরকম অভিযান অব্যাহত থাকবে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য হাসপাতাল পুলিশকে বলা হয়েছে।

## বিদ্যুতের খুঁটিতে ঝুলন্ত

দিকে বিদ্যুৎস্পৃষ্ট তিনি মারা যান। পরে স্থানীয়রা ফায়ার সার্ভিসে খবর দিলে তারা লাশ উদ্ধার করে।

## রাশিয়া থেকে ১ লাখ ৮০ হাজার

আব্দুল্লাহ সাজ্জাদ ও পোডিনটর্গের মহাপরিচালক আন্দ্রেই সের্গেইভিচ স্বাক্ষর করেন। এসময় কৃষিসচিব ওয়াহিদা আক্তার, বিএডিসির সদস্য পরিচালক আব্দুস সামাদ ও কৃষি মন্ত্রণালয়ের উপপ্রধান বদিউল আলম উপস্থিত ছিলেন।

## রূপসায় অজ্ঞাত গলিত লাশটি

ফিরে আসার জন্য অনেক চেষ্টা করে ব্যর্থ হন স্ত্রী মরিয়ম। স্বামী রফিকুলকে নিয়ে মরিয়ম তিলককুদির বটতলার পাশে জয় পেট্রোল পাম্পের নিকটে বাসা ভাড়া করে বসবাস করতো বলে মরিয়মের বড় বোন ময়না জানান। তিনি আরও জানান, গত বুধবার রাতে ভাড়া বাসা থেকে স্বামী রফিক ডাকছে বলে বের হয়ে যায়। ময়নার ছেলে (নিহত মরিয়মের বোনের ছেলে) ইয়াছিন (১৩) খালার বাড়ি বেড়াতে যায়। গত বুধবার (১২ আগস্ট) রাতে মরিয়ম বোরকা পরে বাইরে যাবার সময় বলে যায় তোর খালু (রফিক) ডাকছে সেখানে যাচ্ছি। এই কথা বলে ঘর থেকে বের হবার পর আর ফিরে আসেনি।

নিহতের ভাগ্নে ইয়াছিন জানান, ওই রাত ১২টারদিকে মোটরসাইকেল নিয়ে বাসায় আসলে খালুর (রফিকের) পায়ে রক্ত ও কাদাঁ-মাটি দেখেছি। আরেকটা ফোন আসলে সে তার গাড়ি নিয়ে বাইরে চলে যায়।

এদিকে, বিভিন্ন স্থানে খুজাখোঁজি করে না পেয়ে শনিবার (১৫ আগস্ট) রূপসা থানায় বিষয়টি জানাতে আসলে পুলিশ তাদের দেবীপুর একটা লাশ পাওয়া গেছে সেখানে যেতে বলেন। ময়না ও তার মা ঘটনাস্থলে না পেয়ে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে মরিয়মের লাশ দেখতে পায়। তার দাঁত দেখে শনাক্ত করে মরিয়মের পরিবার।

এসিড দিয়ে তার মুখমন্ডল ও শরীরের বিভিন্ন স্থানে পুড়িয়ে ফেলার কারনে তাকে শনাক্ত করে দাঁত দেখে। ছোট বেলায় তার দাঁতের কিছু চিহ্ন থাকায় তারা শনাক্ত করে তার বোনের লাশ। এছাড়া মরিয়ম চার মাসের অন্তঃস্বত্তা ছিল।

তারা অভিযোগ করে বলেন, প্রতারক রফিকের ৪/৫টা স্ত্রী রয়েছে। সে তাদের দিয়ে বিভিন্ন অসামাজিক কাজ ও মাদক বিক্রয় করাতে বাধ্য করতো। রফিকের কথা না শুনলে তাদের মারপিট করতে বলে মরিয়ম তার পরিবারকে জানাতো। একাধিক সূত্র জানায়, রফিক রূপসাসহ কয়েকটি অঞ্চলের মাদক বিক্রি করতো। এমনকি রূপসার তিলক এলাকার কয়েক যুবক ও আশপাশের এলাকার কয়েক যুবক তার ভাড়া বাড়িতে আসা যাওয়া করতো। ঘটনার পর নৈহাটির কর্ণপুর এলাকার একাধিক অভিযোগের হোতা এক ব্যক্তিকে এলাকায় দেখা যাচ্ছে না। তার সাথে রফিকের বেশ সখ্যতা ছিল বলে স্থানীয়রা জানায়। এদিকে, লাশ উদ্ধারের পর রাতে অভিযান চালিয়ে মরিয়মের স্বামী রফিককে গ্রেফতার করে পুলিশ।

এ ব্যাপারে মামলার তদন্ত কর্মকর্তা রূপসা থানার এস আই মোঃ শাহাবুদ্দিন বলেন, ঘটনার পর অভিযান চালিয়ে রবিবার সকালে নিহতের স্বামী রফিককে গ্রেফতার করা হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

